



# জনসংযোগ অফিস

## বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.ac.bd

### প্রেস রিলিজ

তারিখঃ ১৭ শ্রাবণ ১৪২৩ বঙ্গাব্দ

০১ আগস্ট ২০১৬ খ্রিস্টাব্দ

## বরিশাল বিশ্ববিদ্যালয়ে জঙ্গিবাদ ও জঙ্গি তৎপরতার বিরুদ্ধে মানববন্ধন ও সমাবেশ অনুষ্ঠিত

“আমার সোনার বাংলা আমি তোমায় ভালবাসি” এই শ্লোগানকে প্রতিপাদ্য রেখে বরিশাল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে দেশের অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয়ের সাথে সংগতি রেখে ০১ আগস্ট ২০১৬ তারিখ সোমবার সকাল ১১ টায় অনুষ্ঠিত হয়ে গেল জঙ্গিবাদ ও জঙ্গি তৎপরতার বিরুদ্ধে মানববন্ধন ও সমাবেশ। বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক’র নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের ৬ টি অনুষদের অধীন ১৮ টি বিভাগের সকল শিক্ষার্থী, সম্মানিত শিক্ষকমণ্ডলী, সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ এ কর্মসূচিতে অংশ নেয়। মানববন্ধন কর্মসূচিতে বিশ্ববিদ্যালয়ের সম্মানিত ড্রেজারার, বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রার, ৩টি হলের প্রভোস্ট, প্রক্টর, সহকারি প্রক্টরবৃন্দ, বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, বঙ্গবন্ধু শিক্ষক পরিষদ, অফিসার্স এসোসিয়েশন, বঙ্গবন্ধু কর্মকর্তা পরিষদ, ৩য় ও ৪র্থ শ্রেণী কর্মচারী কল্যান পরিষদ, বিশ্ববিদ্যালয়ের বিএনসিসি ও রোভার স্কাউট অংশ নেন। মানববন্ধন শেষে ক্যাম্পাসে জঙ্গিবাদ ও জঙ্গি তৎপরতার বিরুদ্ধে এক সমাবেশের আয়োজন করা হয়। সমাবেশে উপাচার্য মহোদয় উপস্থিত সকলের উদ্দেশ্যে বলেন, আজকের এই দীর্ঘ মানববন্ধন এটাই প্রমাণ করে বাঙালীরা জঙ্গিবাদ ও জঙ্গি তৎপরতার বিরুদ্ধে জেগে উঠেছে। ধর্মের নামে কোন ধরনের সহিংসতা ও অপতৎপরতা বাঙালীরা মেনে নেবে না। উপাচার্য মহোদয় বলেন, বহুমাত্রিক শিক্ষাব্যবস্থার কারণে শিক্ষার্থীরা বাংলাদেশের ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতি থেকে অনেকটাই দূরে সরে গেছে। একটি এক ধারার শিক্ষা ব্যবস্থা প্রবর্তনে তিনি সরকারের প্রতি আহ্বান জানান। উপাচার্য মহোদয় আরও বলেন বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ এগিয়ে চলছে এবং তাঁর দক্ষ ও যোগ্য নেতৃত্বের মাধ্যমে অচিরেই বাংলাদেশ থেকে জঙ্গিবাদের মূল উৎপাতন সম্ভবপূর্ণ হবে। আমরা যেভাবে ৭১ এ কাঁধে কাঁধ মিলিয়ে যুদ্ধ করে খ্রিয় মাতৃভূমিকে স্বাধীন করেছি ঠিক তেমনি সাম্প্রতিক সময়ের জঙ্গিবাদ ও জঙ্গি তৎপরতাকেও একই ভাবে মোকাবেলা করে বাংলাদেশের চলমান অগ্রযাত্রার ধারা অব্যাহত রাখতে সকলের প্রতি আহ্বান জানান উপাচার্য মহোদয়। “জয় বাংলা” কে প্রয়োজনে আইন করে জাতীয় শ্লোগান করার জন্য উপাচার্য মহোদয় মাননীয় প্রধানমন্ত্রীর প্রতি আহ্বান জানান। সমাবেশে আরও বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের সম্মানিত ড্রেজারার, রেজিস্ট্রার, প্রক্টর, শিক্ষক সমিতির সভাপতি, অফিসার্স এসোসিয়েশনের সভাপতি, বঙ্গবন্ধু কর্মকর্তা পরিষদের সভাপতি, সেক্টর কমান্ডারস ফোরাম-মুক্তিযুদ্ধ ৭১ বরিশাল বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি, বরিশাল মেট্রোপলিটন পুলিশের ডিসি (সাউথ), শিক্ষার্থীদের মধ্যে হতে ৩ জন শিক্ষার্থী এবং ৩য় ও ৪র্থ শ্রেণী কর্মচারী কল্যান পরিষদের সভাপতিবৃন্দ। সমাবেশটি পরিচালনা করেন বঙ্গবন্ধু হলের প্রভোস্ট মো. আব্দুল কাইয়ুম।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

(মোঃ ফয়সল মাহমুদ রুমি)

জনসংযোগ কর্মকর্তা

বরিশাল বিশ্ববিদ্যালয়